



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্যসেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৫৭.৫১.০০২.২০১৯.২৪৯


তারিখ: ২৭-১০-২০২০ খ্রি:

বিষয়: গোপালগঞ্জ এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেডের তৃতীয় শাখা কারখানা শীর্ষক প্রকল্পের আওতায় “সীমানা প্রাচীর ও আর্থ রিটেইনিং স্ট্রাকচার নির্মাণ এবং ভূমি উন্নয়ন কাজ” এর অন্তর্গত ভেরিয়েশন কাজের চূড়ান্ত প্রাক্কলন অনুযায়ী সংশোধিত চুক্তি মূল্য মোট ৬,৬৭,৩৯,১৪২.১৭/- (ছয় কোটি সাতষট্টি লক্ষ উনচল্লিশ হাজার একশত বিয়াল্লিশ দশমিক এক সাত) অনুমোদন

সূত্র: স্মারকনং-ইডিসিএল/পিডি-গোপালগঞ্জ/ভেরিয়েশন/বাউডারী/স্বাপকম/২০২০/৩৫৪, তারিখ: ১২/১০/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রে গোপালগঞ্জ এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেডের তৃতীয় শাখা কারখানা শীর্ষক প্রকল্পের আওতায় “সীমানা প্রাচীর ও আর্থ রিটেইনিং স্ট্রাকচার নির্মাণ এবং ভূমি উন্নয়ন কাজ” এর অন্তর্গত ভেরিয়েশন কাজের চূড়ান্ত প্রাক্কলন অনুযায়ী সংশোধিত চুক্তি মূল্য মোট ৬,৬৭,৩৯,১৪২.১৭/- (ছয় কোটি সাতষট্টি লক্ষ উনচল্লিশ হাজার একশত বিয়াল্লিশ দশমিক এক সাত) টাকা অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক কর্তৃক প্রস্তাব প্রেরণ করা হয়। প্রস্তাবটি বিবেচনার নিমিত্ত নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) নন টেন্ডার ভেরিয়েশন মূল্য, অনুমোদিত ৮৫,১৬,৮২২.৪১ টাকা বলতে কি বুঝানো হয়েছে ইহা কি ইতিমধ্যেই অনুমোদিত হয়েছে, হয়ে থাকলে অনুমোদনের কপি;
- (২) কাজটির সংশ্লিষ্ট প্রকিউরমেন্ট প্ল্যান যাহা প্রকল্পের সংশোধিত ডিপিপিতে উল্লেখ আছে;
- (৩) আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Power) অনুযায়ী প্রকল্পের পূর্তকাজ প্রকল্প পরিচালকের আর্থিক ক্ষমতা ২০.০০ কোটি টাকা পর্যন্ত। প্রস্তাবিত চূড়ান্ত চুক্তিমূল্য প্রায় ৬.৬৮ কোটি টাকা, উক্ত প্রস্তাব মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণের ব্যাখ্যা;
- (৪) সংশ্লিষ্ট পূর্ত কাজটির আর কোন Variation Works হবে না এই মর্মে প্রকল্প পরিচালকের প্রত্যয়ন প্রয়োজন;
- (৫) প্রস্তাবটি কততম Variation এবং মূল চুক্তিমূল্য কত ছিল?


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

প্রকল্প পরিচালক
গোপালগঞ্জ ইডিসিএল তৃতীয় শাখা কারখানা স্থাপন প্রকল্প
ও

ব্যবস্থাপনা পরিচালক
ইডিসিএল, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)